

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪৬.০১৬.০০.০০.০০৬.২০১৭- ১৬০০

তারিখ: ২৯ অক্টোবর ২০১৭।

বিষয় : বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগ (প্রশাসন-১ শাখা)-এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০২৮.২০১২-১৮৭০;
তারিখ: ২৬ অক্টোবর ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে স্থানীয় সরকার বিভাগ (প্রশাসন-১ শাখা) হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল (যদি থাকে) পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A.
29/10/17
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

- ০১। চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ, জেলা।
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা, জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। জেলা প্রশাসক (সকল),।
০২। উপ-পরিচালক (সকল), স্থানীয় সরকার,।
০৩। সচিব একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
✓ ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০২৮. ২০১২- ১৮-৭০


তারিখঃ ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ প্রসংগে।

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের ভূমিকা অপরিসীম। সরকার স্বল্প, মাধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণপূর্বক বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি করে সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের প্রয়াস গ্রহণ করেছে। বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণে সরকারের প্রচুর অর্থ ব্যয় হচ্ছে। এই উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রেখে ভবিষ্যতে আরও বৃদ্ধি করতে প্রচুর অর্থের প্রয়োজন। কিন্তু বিভিন্ন সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বিপুল পরিমাণ বিদ্যুৎ বিল দীর্ঘদিন বকেয়া থাকার কারণে বিদ্যুৎ ব্যবস্থা পরিচালনা ও পরিকল্পনা বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে।

২। বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহককে বিতরণ করতে হয়। বিদ্যুৎ বিল বকেয়া থাকার কারণে বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে আর্থিক সংকটে পড়তে হচ্ছে। বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে সঠিক সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করা একান্ত অপরিহার্য।

৩। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন উপজেলা পরিষদসমূহ আগামী ১৫/১১/২০১৭ তারিখের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল জমাপূর্বক এ বিভাগকে প্রমাণকসহ অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


২৬/১০/২০১৭
(মুহাম্মদ ইকবাল হোসাইন)

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

চেয়ারম্যান

----- উপজেলা পরিষদ

----- জেলা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।